



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ঋণ আদায় বিভাগ

www.krishibank.org.bd,
dgmrecovery@krishibank.org.bd



নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২০-২০২১/৮৪৬

তারিখঃ ২০.১২.২০২০খ্রিঃ

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়,

উপমহাব্যবস্থাপক সকল কর্পোরেট শাখা,

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়,

সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরের শ্রেণীযোগ্য (পুনঃতফসিলসহ) ঋণের প্রকৃত পরিমাণ অবহিতকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ঋণ আদায় মহাবিভাগের পরিপত্র নং-০২/২০২০ তারিখঃ ২৮-০৭-২০২০ইং মোতাবেক চলতি ২০২০-২০২১ অর্থ বছরের ঋণ আদায় লক্ষ্যমাত্রা বন্টন পূর্বক তা আদায়ে নির্দেশনা জারী করা হয়েছিল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রধান কার্যালয়ের প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় কর্তৃক যথাক্রমে স্থানীয় মুখ্য কার্যালয়, কর্পোরেট শাখা ও শাখা সমূহের শ্রেণীযোগ্য ঋণ সমূহের পরিমাণ যাচাই ও নির্ধারণ পূর্বক অত্র বিভাগে প্রেরণ করা হয়েছিল। প্রেরিত তথ্যের আলোকে বিগত ২৯.০৯.২০২০ইং অত্র বিভাগের পত্র নং-প্রকা/আদায়-০৮(৫৯)/২০২০-২০২১/৩৬৫(১২৫০) মোতাবেক শ্রেণীযোগ্য ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা সংশোধন পূর্বক পুনঃ লক্ষ্যমাত্রা বন্টন করে দেয়া হয়েছিল।

০৩। ইতিমধ্যে কিছু কিছু শাখা, অঞ্চল হতে শ্রেণীযোগ্য ঋণসমূহ যথানিয়মে চিহ্নিত হয়নি মর্মে অত্র বিভাগকে অবহিত করা হচ্ছে। এছাড়া বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৭ তারিখঃ ২৮-০৯-২০২০ইং মোতাবেক কোন ঋণের ১ জানুয়ারী ২০২০ এর স্ট্যাটাস ৩১ ডিসেম্বর ২০২০ একই থাকবে বিধায় শ্রেণীযোগ্য ঋণের পরিমানে পরিবর্তন হতে পারে।

০৪। বর্ণিত অবস্থায় শ্রেণীযোগ্য ঋণসমূহ সঠিক ভাবে পুনঃ চিহ্নিত করণের নিমিত্তে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখা/কার্যালয়কে নির্দেশনা দেয়া হলোঃ

(ক) কর্পোরেট শাখা/শাখাসমূহের শ্রেণীযোগ্য-১ ও শ্রেণীযোগ্য-২ (নিয়মিত এবং পুনঃ তফসীলকৃত) ঋণ সমূহের মধ্যে ৩০.১২.২০২০ইং পর্যন্ত আদায়কৃত হিসাব বাদ দিয়ে বাকি হিসাব সমূহ বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৭ তারিখঃ ২৮.০৯.২০২০ইং এবং বিদ্যমান ঋণ শ্রেণীবিন্যাস নীতিমালার আলোকে পুনঃ যাচাই করবেন এবং আগামী ৩০ জুন ২০২১ এর মধ্যে যে সকল ঋণ আদায় না হলে শ্রেণীকৃত হয়ে যাবে তার ফলিও/হিসাব নম্বর অনুযায়ী হিসাব সংখ্যা ও ঋণের পরিমাণ নির্ধারণ করে নিম্নোক্ত ছকে প্রতিবেদন আগামী ০৫.০১.২০২১ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় প্রেরণ করবেন। কর্পোরেট শাখাসমূহ সরাসরি বিভাগীয় কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন।

৩/৫

বাংলাদেশ কৃষি ব্যাংক
..... শাখা/কার্যালয়।

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	ঋণের খাত	আগামী ৩০.০৬.২০২১ইং তারিখের মধ্যে আদায় না হলে শ্রেণীকৃত হবে					
		নিয়মিত ঋণ		পুনঃ তফসিলকৃত ঋণ		মোট শ্রেণীযোগ্য ঋণ	
		সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	সিসি/এসএমই ঋণ(সিএল-২)						
২	ভলবী ঋণ(সিএল-৩)						
৩	মেয়াদী ঋণ (সিএল-৪)						
৪	স্বল্পমেয়াদী ঋণ শস্যসহ (সিএল-৫)						
৫	স্বল্পমেয়াদী ঋণ,এমসি (সিএল-৫)						
৬	মোট =						


(খ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ শাখা হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলিত করে একই ছকে প্রতিবেদন আগামী ০৬.০১.২০২১ইং তারিখের মধ্যে অবশ্যই বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

(গ) কর্পোরেট শাখা ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবেদন বিভাগীয় কার্যালয় কর্তৃক সংকলিত করে আগামী ০৭.০১.২০২১ইং তারিখের মধ্যে অবশ্যই ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

(ঘ) স্থানীয় মুখ্য কার্যালয় প্রতিবেদনখানা আগামী ০৭.০১.২০২১ ইং তারিখের মধ্যে সরাসরি ঋণ আদায় বিভাগে প্রেরণ করবেন।

০৫। আগামী ৩০ জুন ২০২১ ইং তারিখে শ্রেণীকৃত হবে এমন শ্রেণীযোগ্য ঋণসমূহ সতর্কতার সাথে চিহ্নিত করতে হবে। কোন ঋণ হিসাব বাদ পড়লে এবং পরবর্তীতে শ্রেণীকৃত হলে তার দায় দায়িত্ব সম্পূর্ণ ভাবে সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে।

আপনার বিশ্বস্ত,


(মোঃ আজিজুল বারী)

মহাব্যবস্থাপক

ঋণ আদায় মহাবিভাগ(অতিঃ দায়িত্বে)

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২০-২০২১/৮৪৬

তারিখঃ ২০.১২.২০২০খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিকেবি, প্রকা, ঢাকা।

০৪। উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, ঋণ শ্রেণী বিন্যাস বিভাগ, ক্রেডিট বিভাগ, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা।

০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।

০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। এতদসংক্রান্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।

০৮। নথি/মহানথি।



২০.১২.২০২০

(নুরুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক